

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

নং -৩২.০২.০০০০.০০৪.১১.০৭৭.১৪ (অংশ-৪)/৩২৮

তারিখঃ ০৯/০৯/২০১৮ খ্রিঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় মহিলা সংস্থার রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদ সমূহে বিধি মোতাবেক অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	শূন্য পদ সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১।	ডেসপাস রাইটার গ্রেড-১৯, ৮,৫০০/- - ২০,৫৭০/-	০১	অনুর্ধ্ব ৩০ বছর	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ লাইসেন্সসহ মোটর সাইকেল চালনায় অভিজ্ঞতা।
২।	বার্তাবাহক গ্রেড-২০, ৮,২৫০/- - ২০,০১০/-	০১	অনুর্ধ্ব ৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ।
৩।	অফিস সহায়ক গ্রেড-২০, ৮,২৫০/- - ২০,০১০/-	১৬	অনুর্ধ্ব ৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ।
৪।	নৈশ প্রহরী গ্রেড-২০, ৮,২৫০/- - ২০,০১০/-	০১	অনুর্ধ্ব ৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ।

শর্তাবলীঃ

- সকল প্রার্থীকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> ওয়েব সাইটের মাধ্যমে আগামী ০৮/১০/২০১৮ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত আবেদন করা যাবে। অনলাইন ব্যতিত অন্য কোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না।
- অনলাইন আবেদনের জন্য <https://erecruitment.bcc.gov.bd> ওয়েব সাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যিক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইল এ eRecruitment কর্তৃক ই-মেইল এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। প্রাপ্ত ই-মেইল এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় ধাপসমূহ সম্পন্ন করতে হবে। (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েব সাইট হতে নিবন্ধন গাইড লাইন ও আবেদনের গাইড লাইন অনুসরণ করতে হবে)।
- কোটাধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড করতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ০৯/০৯/২০১৮ খ্রিঃ তারিখে অবশ্যই ১৮ থেকে অনুর্ধ্ব ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ/ক্রেটিভপূর্ণ আবেদন সফটওয়্যার কর্তৃক গৃহিত হবে না।
- পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে ই-মেইল, সিস্টেম ও এস এম এস (SMS) এর মাধ্যমে জানানো হবে।
- সাক্ষাৎকার/পরীক্ষার সময় প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন, চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত), সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রসহ সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট/সনদপত্রের মূল কপি এবং (এক) সেট ফটোকপি (সত্যায়িত) দাখিল করতে হবে।
- প্রার্থীদের পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় এই নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- আবেদন পত্রের সাথে পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট দেয়ার প্রয়োজন নেই।
- একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না।


(কে এম রফিকুল ইসলাম)
পরিচালক (উপ-সচিব)
জাতীয় মহিলা সংস্থা।
ফোন : ৯৩৩৩৮৩৩।